### কম্পোনেন্ট-০৩: মানব সম্পদ উন্নয়ন ও ক্রস-কাটিং ইস্যু

- ❐ প্রকল্পভুক্ত জনবলকে প্রকল্প বাস্তবায়ন বিষয়ে (উপ-প্রকল্প, কার্যাবলী বাস্তবায়ন কৌশল, মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন, কমিউনিকেশন ইত্যাদি) ওরিয়েন্টেশন প্রদান।
- ❐ প্রকল্পভুক্ত জনবল, নির্বাচিত উদ্যোক্তা ও অনুবিদ্ধ সেবা HACCP, ISO, Global GAP for Fisheries ইত্যাদি বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান এবং এতদ্‌বিষয়ক অভিজ্ঞতা বিনিময় সফর।
- ❐ প্রকল্পভুক্ত জনবল ও নির্বাচিত উদ্যোক্তাদের ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়ন, নতুন পণ্য উৎপাদন, বাজারজাতকরণ ও ব্রান্ডিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ।
- ❐ মৎস্য ও মৎস্য পণ্য বিপণন এবং পরিবহণে নিয়োজিত কর্মীদের 'Good Handling Practice' বিষয়ে দক্ষতা উন্নয়ন।
- ❐ মৎস্য অধিদপ্তরের LEAF, লীড ফার্মার ও উপকরণ সরবরাহকারীদের সহযোগিতায় স্থানীয় পর্যায়ে মৎস্য "সেবা ও পরামর্শ কেন্দ্র" স্থাপন।
- ❐ সেবা প্রদানকারী ও চাষীদের নিরাপদ মৎস্য উৎপাদন বিষয়ে উৎসাহিত করতে মেন্টরিং প্রোগ্রাম আয়োজন ও সম্মাননা প্রদান।
- ❐ মৎস্য চাষীদের মাটি ও পানি পরীক্ষায় উদ্বুদ্ধকরণে স্থানীয় সেবা প্রদানকারীদের মাধ্যমে ক্যাম্পেইন আয়োজন করা।
- ❐ মৎস্য চাষীদের মাটি ও পানি পরীক্ষায় উদ্বুদ্ধকরণে স্থানীয় সেবা প্রদানকারীদের কারিগরী সেবা প্রদানের জন্য উৎসাহ ভাতা প্রদান।
- ❐ উত্তম মৎস্য চাষ বিষয়ক ভিডিও মডিউল/ই-মডিউল তৈরি।
- ❐ চাষী সহায়িকা প্রস্তুতকরণ।

### কম্পোনেন্ট-০৪: পলিসি ও প্রাকটিস

- ❐ ভ্যালু চেইন স্টিয়ারিং কমিটি গঠন ও ত্রৈমাসিক মিটিং আয়োজন।
- ❐ ক্ষুদ্র উদ্যোগে প্রক্রিয়াজাত মৎস্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ বিষয়ে স্থানীয় প্রশাসন, মৎস্য অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর ও মান নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে সমন্বয়।

### উপসংহার

সুস্থ ও সমৃদ্ধ জাতি গঠনে নিরাপদ মৎস্য ও বৈচিত্র্যময় মৎস্য পণ্যের বিকল্প নেই। যা নিশ্চিতকরণের জন্য একটি নিরাপদ মৎস্য সরবরাহ ব্যবস্থা প্রতিষ্ঠিত করা একটি দীর্ঘমেয়াদি প্রক্রিয়া। এ প্রকল্পটি বাস্তবায়নের ফলে বাংলাদেশের গ্রামীন জনগোষ্ঠীর আয় বৃদ্ধির পাশাপাশি নিরাপদ খাদ্য উৎপাদনে স্থিতিশীল ভূমিকা রাখবে।


বিস্তারিত তথ্যের জন্য

www.idfbd.org

**আইডিএফ**

বাড়িঃ ২৫, রোডঃ ০২, ব্লকঃ বি, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম।

০১৮৯৪-৮৮৩৫০৮


# প্রকল্প পরিচিতি



**"নিরাপদ মৎস্য ও মৎস্য পণ্য উৎপাদন এবং বাজারজাতকরণ" শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্প**

**Rural Microenterprise Transformation Project (RMTP)**


পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন

IFAD — Investing in rural people

EMBASSY OF DENMARK

IDF

## ভূমিকা

মাছ উৎপাদনে বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ। দেশের আপামর জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা ও পুষ্টির চাহিদা পূরণ, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি, বৈদেশিক মুদ্রা অর্জন ও আর্থ-সামাজিক উন্নয়নে মৎস্য খাত অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মৎস্য উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান অন্যতম হলেও নিরাপদ মৎস্য এবং বৈচিত্র্যময় মৎস্য পণ্য উৎপাদনে এখনও বেশ পিছিয়ে রয়েছে। মৎস্য চাষে রোগাক্রান্ত পোনা, দূষিত পানি, প্রাণির বর্জ্য, নিষিদ্ধ রাসায়নিক দ্রব্যাদি, এন্টিবায়োটিক, বালাইনাশক, কীটনাশক, অপদ্রব্য, নিম্ন মানের খাদ্যের ব্যবহার ও পরিবেশগত কারণে চাষীদের উৎপাদিত মাছকে নিরাপদ বলা যাচ্ছে না। এছাড়া ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়নে খাদ্য নিরাপত্তার পাশাপাশি নিরাপদ খাদ্য নিশ্চিত করা অতীব প্রয়োজন। এমতাবস্থায় মাছের পোনা থেকে শুরু করে ভোক্তা পর্যন্ত খাদ্য শৃঙ্খলের প্রতিটি ধাপে নিরাপদ মৎস্য ও মৎস্য পণ্য পৌঁছানোর লক্ষ্যে একটি সম্মিলিত প্রচেষ্টা গ্রহণ করতে হবে। বিশেষ করে উত্তম মৎস্য চাষ অনুশীলন, আহরণ ও আহরনোত্তর মৎস্য ব্যবস্থাপনা, ট্রেসেবিলিটি, HACCP অনুশীলন, ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধিসহ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর উদ্যোগে Rural Microenterprise Transformation Project (RMTP) এর আওতায় "নিরাপদ মৎস্য ও মৎস্য পণ্য উৎপাদন এবং বাজারজাতকরণ" শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পটি উন্নয়ন সহযোগী International Fund for Agricultural Development (IFAD) ও Danish International Development Agency (DANIDA)'র সহযোগিতায় আইডিএফ (ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন) গ্রহণ করে। প্রকল্পের কার্যক্রম চট্টগ্রাম জেলার অন্তর্গত হাটহাজারী, রাউজান, বোয়ালখালী ও ফটিকছড়ি উপজেলায় ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্য চাষী পরিবার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আয় বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও পারিবারিক পুষ্টি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## উপ-প্রকল্প পরিচিতি

- ❒ উপ-প্রকল্পের নাম: "নিরাপদ মৎস্য ও মৎস্য পণ্য উৎপাদন এবং বাজারজাতকরণ" শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন।
- ❒ সহযোগিতায় : পিকেএসএফ, IFAD ও DANIDA
- ❒ বাস্তবায়নকারী সংস্থা: আইডিএফ
- ❒ মেয়াদকাল : ২ বছর ৬ মাস (১৬/০১/২৩ থেকে ৩০/০৬/২৫)।
- ❒ বাজেট : ১,৪০,৬৮,০০০ টাকা।
- ❒ কর্মএলাকাঃ চট্টগ্রাম জেলার হাটহাজারী, রাউজান, বোয়ালখালী ও ফটিকছড়ি উপজেলা।
- ❒ মোট লক্ষিত জনগোষ্ঠী: ৫,০০০ জন।

## উপ-প্রকল্পের উদ্দেশ্য

ক) নিরাপদ মৎস্য উৎপাদন ও বাজারজাতকরণের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি;
খ) প্রক্রিয়াজাত মৎস্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি;
গ) স্থানীয় পর্যায়ে নিরাপদ মৎস্য চাষ উপকরণ ও আধুনিক চাষ প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি;
ঘ) স্থানীয় পর্যায়ে সেবা বাজার তৈরীর মাধ্যমে কর্মসংস্থান ও টেকসই খাত সৃষ্টি;
ঙ) পরিবেশ, নিরাপদ ও পুষ্টিমান খাদ্য এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়কে বিবেচনায় রেখে উৎপাদন ও বাজার ব্যবস্থা সৃষ্টি এবং
চ) উদ্যোগে নারী ও যুবকদের অংশগ্রহণ বৃদ্ধি।

## উপ-প্রকল্পের কার্যক্রম

### কম্পোনেন্ট-০১: উদ্যোক্তাদের সংগঠিতকরণ ও উৎপাদনশীলতা বৃদ্ধি

- ❒ মৎস্য চাষীদের উত্তম মৎস্য চাষ অনুশীলন বিষয়ে দক্ষতা উন্নয়ন।
- ❒ আধা-নিবিড় পদ্ধতিতে নিরাপদ মাছ ও চিংড়ি চাষ বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণের জন্য প্রদর্শনী প্লট স্থাপন।
- ❒ ফার্ম মেকানাইজেশন এবং স্মার্ট এ্যাকোয়াকালচার সোল্যুশান (IOT & AI) এর ব্যবহার সম্প্রসারণ।
- ❒ দ্রুত বর্ধনশীল মাছ (হালদা নদী উৎস, সুবর্ণ রুই ও জি-৩ রুই) নার্সিং-এর জন্য নার্সারারদের সহায়তা প্রদান।
- ❒ বাণিজ্যিক মৎস্য খাবারের বিকল্প হিসেবে কালো সৈনিক পোকার উৎপাদন বিষয়ক প্রদর্শনী প্লট স্থাপন।
- ❒ হালদা নদীর পোনা ব্যবহার করে ব্রুড ব্যাংক উন্নয়ন ও হ্যাচারী মালিকদের সরবরাহের জন্য উদ্যোক্তা উন্নয়ন।
- ❒ প্রদর্শনী প্লটের ফলাফল প্রদর্শনের জন্য মাঠ দিবস আয়োজন।

### কম্পোনেন্ট-০২: বৈচিত্র্যময় নতুন পণ্য উৎপাদন ও বাজার উন্নয়ন

- ❒ ক্ষুদ্র উদ্যোগে পরীক্ষামূলকভাবে 'Ready to Cook' মৎস্য পণ্য উৎপাদন এবং বাজারজাতকরণের জন্য প্যাকেজিং, বিপণন কেন্দ্র স্থাপন, পণ্যের ব্রান্ডিং ইত্যাদি কর্মকান্ডে উদ্যোক্তাদের সহায়তা প্রদান।
- ❒ ক্ষুদ্র উদ্যোগে মূল্য সংযোজিত মৎস্য পণ্য (ফিস বল, ফিস কাটলেট, ফিস স্টিক, ফিস ফ্রাই, ফিস বারবিকিউ, ইলিশ বারবিকিউ ইত্যাদি) উৎপাদন ও বাজারজাতকরণে উদ্যোক্তাদের সহায়তা প্রদান।
- ❒ স্থানীয় পর্যায়ে কালো সৈনিক পোকা, ট্রাশ ফিস, সী-উইড ও ফিস বাই-প্রোডাক্ট ইত্যাদি ব্যবহার করে সাশ্রয়ী মূল্যে ও নিরাপদ মৎস্য খাদ্য উৎপাদন ও বাজারজাতকরণ।
- ❒ স্থানীয় মাছের বাজার বা আড়তের মান উন্নয়ন (স্লটারিং হাউস, জীবন্ত মাছের ট্যাংক, এসএস গ্রেডিং টেবিল, এসএস বেসিন, প্লাস্টিক ক্রেট, আইস ক্রাশার, সুপেয় পানি সরবরাহ, কুল চেইন উন্নয়ন, স্যানিটেশন ও হাইজিন ইত্যাদি)।
- ❒ নিরাপদ মাছের পৃথক সরবরাহ ব্যবস্থা প্রবর্তনে সহায়তা প্রদান (অনলাইন ভিত্তিক বাজার ও পৃথক আউটলেট স্থাপনে সহায়তা)।